

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২২৭৩

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৩৪. বিছানা যার সন্তান তার

بَابُ الْوَلَدُ لِلْفِرَاشِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، وَمُسَدَّدُ، قَالَا: حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، اخْتَصَمَ سَعْدُ بْنُ أَبِي وَقَاصٍ، وَعَبْدُ بْنُ زَمْعَةَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ابْنِ أَمَةِ زَمْعَةَ، فَقَالَ سَعْدٌ: أَوْصَانِي أَخِي عُتْبَةُ إِذَا قَدِمْتُ مَكَّةَ أَنْ أَنْظُرَ إِلَى وَسَلَّمَ فِي ابْنِ أَمَةِ زَمْعَةَ، فَقَالَ سَعْدٌ: أَوْصَانِي أَخِي عُتْبَةُ إِذَا قَدِمْتُ مَكَّةَ أَنْ أَنْظُرَ إِلَى ابْنِ أَمَةِ زَمْعَةَ فَأَقْبِضَهُ فَإِنَّهُ ابْنُهُ، وَقَالَ عَبْدُ بْنُ زَمْعَةَ: أَخِي ابْنُ أَمَةِ أَبِي، وُلِدَ عَلَى فِرَاشِ ابْنِ أَمَةِ زَمْعَةَ فَقَالَ: الْوَلَدُ لِلْفِرَاشِ أَبِي، فَرَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ شَبَهًا بَيِّنَا بِعُتْبَةَ، فَقَالَ: الْوَلَدُ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ الْحَجَرُ، وَاحْتَجِبِي عَنْهُ يَا سَوْدَةُ، زَادَ مُسَدَّد فِي حَدِيثِهِ، وَقَالَ: هُوَ أَخُوكَ يَا عَبْدُ وَلِلْعَاهِرِ الْحَجَرُ، وَاحْتَجِبِي عَنْهُ يَا سَوْدَةُ، زَادَ مُسَدَّد فِي حَدِيثِهِ، وَقَالَ: هُو أَخُوكَ يَا عَبْدُ

صحيح

বাংলা

২২৭৩। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা সা'দ ইবনু আবৃ ওয়াক্কাস (রাযি.) ও 'আবদ ইবনু যাম'আহ (রাযি.) রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট যাম'আহর দাসীর এক সন্তানের বিষয়ে বিবাদ নিয়ে উপস্থিত হলো। সা'দ (রাযি.) বললেন, আমার ভাই 'উতবাহ আমার কাছে ওয়াসিয়াত করেছে, আমি মক্কায় এলে যেন যাম'আহর দাসীর সন্তানকে আমার অধিকারে গ্রহণ করি। কারণ ওটা তার ছেলে। কিন্তু 'আবদ ইবনু যাম'আহ বললেন, এটা আমার ভাই, আমার পিতার দাসীর সন্তান, আমার পিতার বিছানায় তার জন্ম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সন্তানটির মধ্যে 'উতবাহর সুস্পষ্ট সাদৃশ্য দেখতে পেয়ে বললেনঃ সন্তান তার বিছানা যার। আর যিনাকারীর জন্য রয়েছে পাথর। তিনি সাওদা (রাযি.) বললেনঃ তার থেকে পর্দা করো। যিনাকারীর জন্য রয়েছে পাথর। মুসাদ্বাদের বর্ণনায় রয়েছেঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ 'হে 'আব্দ! সে তোমার ভাই।'[1]

সহীহ।



English

A'ishah said "Sa'd bin Abi Waqqas and 'Abd bin Zamah disputed amongst themselves about the (relationship of the) son of the slave girl of Zam'ah and brought the case to the Apostle of Allaah (). Sa'd said "My brother 'Utbah enjoined me that when I came to Makkah I should see the son of the slave girl of Zam'ah and take his possession for that is his son". 'Abd bin Zam'ah said "He is my brother, the son of my father's slave girl having been born on my father's bed". The Apostle of Allaah () saw his clear resemblance to 'Utbah. So he said "The child is attributed to the one on whose bed it is born and the fornicator is deprived of any right (lit. the fornicator will have the stone). Veil yourself from him, Saudah. Musaddad added in his version "he is your brother 'Abd".

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন